DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:02 PM

ধর্ম

# জুমার নামাজের ইতিহাস, কখন থেকে শুরু হয় এই রীতি

প্রতিবেদক: ধর্ম ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ইসলামে সপ্তাহের সবচেয়ে মর্যাদাপূর্ণ দিন শুক্রবার বা 'ইয়াওমুল জুমআ'। বিশ্বজুড়ে মুসলিমদের জন্য জুমার দিনটি সাপ্তাহিক উৎসবের দিন হিসেবে বিবেচিত। তবে এর সূচনা ও ইতিহাস বেশ তাৎপর্যপূর্ণ।

জুমার নামাজের বিধিমালার প্রাথমিক আমল মক্কায় হিজরতের আগেই পাওয়া যায়, তবে তা আনুষ্ঠানিকভাবে কার্যকর করা সম্ভব হয়নি। ৬২২ খ্রিষ্টাব্দে মহানবী হযরত মুহাম্মদ (সা.) মক্কা থেকে মদিনায় হিজরতের উদ্দেশ্যে রওনা হন। পথিমধ্যে কুবা থেকে মদিনায় যাওয়ার সময় বনি সালেম গোত্রের উপত্যকায় পৌঁছালে জোহরের সময় হয়ে যায়। সেখানেই মহানবী (সা.) প্রথম জুমার নামাজে ইমামতি করেন এবং খুতবা প্রদান করেন। এটিই ইসলামের ইতিহাসের প্রথম আনুষ্ঠানিক জুমার নামাজ।

এর আগে নবুয়তের ১২তম বর্ষে রাসুলুল্লাহ (সা.)-এর নির্দেশে সাহাবি মুসাব ইবনে উমাইর (রা.)-এর নেতৃত্বে মদিনায় প্রথম জামাতে জুমার নামাজ আদায় করা হয়েছিল। পবিত্র কোরআনের সূরা আল-জুমুআতেও জুমার আযান হলে সমস্ত কাজ ও কেনাবেচা বন্ধ করে সালাতের উদ্দেশ্যে ধাবিত হওয়ার স্পষ্ট নির্দেশ দেয়া হয়েছে। সেই থেকে আজ পর্যন্ত মুসলিম বিশ্বে জুমার গুরুত্ব ও ধারাবাহিকতা অপরিবর্তিত রয়েছে।

## এ বিভাগের আরও খবর



### বাংলা ভাষায় সুফি তাফসিরের একাডেমিক পরিসর বিস্তারের আহ্বান

বাংলা ভাষায় কুরআনের সুফি তাফসিরচর্চাকে আরও বিস্তৃত ও প্রাতিষ্ঠানিক একাডেমিক পরিসরে নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করার মধ্য দিয়ে খাজা ওসমান ফারু...



### অমুসলিম ছেলের সঙ্গে মুসলিম মেয়ের পালিয়ে বিয়ে: ইসলাম কী বলে?

বর্তমান সময়ে প্রেমের সম্পর্ক, পারিবারিক বিরোধ এবং সামাজিক নানা বাস্তবতার কারণে তরুণ-তরুণীদের পালিয়ে গিয়ে বিয়ে করার ঘটনা কম নয়। তবে যখন একটি...



### ঈদে মিলাদুন্নবী উপলক্ষে চট্টগ্রামে জশনে জুলুস শুরু

চট্টগ্রামে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে ৫৫তম ঐতিহাসিক জশনে জুলুস অনুষ্ঠিত হচ্ছে। শান্তি, মানবতা ও অহিংসার বার্তা নিয়ে আয়োজিত এ জুলুস...



**হজ কার্যক্রমে আরও ৩৮ এজেন্সিকে অনুমতি দিলো সরকার**

আগামী বছর হজ কার্যক্রমে অংশ নিতে আরও ৩৮টি এজেন্সিকে অনুমতি দিয়েছে সরকার। মঙ্গলবার (২৫ আগস্ট)  শর্ত সাপেক্ষে ষষ্ঠ পর্যায়ে প্রাথমিকভাবে য...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/religion/jumar-namajer-itihas-kkhn-theke-shuru-hy-ei-riti